

# পহেলা বৈশাখ


HerStory Foundation

Humayra Kabir



Let's Read

The Asia Foundation



"আশা, তুমি কি জানো আগামীকাল কোন দিন?" আপু জিজ্ঞাসা করল।

"আমার মনে হয় কাল মঙ্গলবার।"

"হ্যাঁ, কাল মঙ্গলবার, তবে কালকে পহেলা বৈশাখ, বাংলা নববর্ষ!"

আগামীকাল কিভাবে নববর্ষ হবে? কালতো ১৪ই এপ্রিল। নববর্ষ তো ডিসেম্বরের পরে আসে তাই না?"

"আগামীকাল বৈশাখের শুরু, বাংলা ক্যালেন্ডারের প্রথম মাসের প্রথম দিন। তাই আগামীকাল নববর্ষ। বাংলাদেশে চাষাবাদের ৬টি মৌসুম রয়েছে। বৈশাখ হলো ঝড়ের মাস।

"



সেদিন সন্ধ্যায় আপু আর আমি চারুকলায় গিয়েছিলাম। সেখানে ছাত্রছাত্রীরা প্রাণিদের বিশাল আকারের কাঠামো তৈরি করতে ব্যস্ত ছিলেন। বাঁশ এবং কাগজ দিয়ে তৈরি বিশালাকার বাঘ, বিশাল আকারের মাছ এবং হাতির সমান বড় বাড়ি সেখানে ছিল। অনেক ছাত্রছাত্রী পেঁচার মুখোশ তৈরি করছিলেন এবং মাটির পাত্রে ছবি আঁকছিলেন।

"আমরা আগামীকালকের *মঙ্গল শোভাযাত্রার* জন্য প্রস্তুত হচ্ছি। এই বছর পদযাত্রার মুল ভাবনা হচ্ছে, "ঐক্যবদ্ধ সম্পর্ক" মানে সবাই কীভাবে শান্তিতে মিলেমিশে বাস

করতে পারি তা দেখাতে বিভিন্ন বনের প্রাণির মুখোশ ও কাঠামো বানাচ্ছি। আগামীকাল সকালে আমরা এগুলো নিয়ে সবাই একসাথে হেঁটে যাব!”, আপুর এক বন্ধু বুঝিয়ে বললেন।




সকালে আপু আর আমি খুব তাড়াতাড়ি ঘুম থেকে উঠে রমনা পার্কে হেঁটে গেলাম। সূর্য উঠতে শুরু করলে, সেখানে বটগাছের নীচে সমবেত গানের অনুষ্ঠান শুরু হয়...

"এসো হে বৈশাখ, এসো, এসো...
এসো হে বৈশাখ, এসো, এসো ..."

আপু আমাকে বুঝিয়ে দিচ্ছিলেন যে এটি নববর্ষের প্রথম সূর্যের আলোকে শুভেচ্ছা জানাতে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা একটি গান।



এরপরে আমরা মঙ্গল শোভাযাত্রা দেখতে গেলাম এবং দেখলাম বিশালাকার মাছ, হাতি ও বাঘ মানুষের ভিড়ের উপর ভাসছে। প্রত্যেকে লাল, সাদা এবং উজ্জ্বল রঙের নতুন পোশাক পরেছে আর সব জায়গায় যেন ফুলের বন্যা। শোভাযাত্রা দেখার সময় আপু আমাকে সতর্ক থাকতে বললেন যেন হারিয়ে না যাই।




আমরা বাড়িতে ফিরে এলে দেখলাম মা-বাবা আমাদের জন্য অপেক্ষা করছেন।

"তাড়াতাড়ি এসো, ইলিশ মাছ ভাজা আরপান্তা ভাত নিয়ে আমরা তোমাদের জন্য অপেক্ষা করছি!"

"পান্তা ভাত কি মা?" আমি মা'র কাছে জানতে চাই।

"পান্তা ভাত হচ্ছে তাই যা আমাদের পুরানো বছর থেকে নতুন বছরে নিয়ে আসে। গতকাল আমি ভাতে পানি দিয়ে রেখেছি যেন আজ তা মজা করে খাওয়া যায়। ভাজা ইলিশের সাথে পান্তা ভাত, বাংলা নববর্ষ উদযাপন করার জন্য সবচেয়ে উপযুক্ত খাবার!", মা বললেন।

আমি, মা-বাবা এবং আপুর সাথে বসে মনে মনে ভাবলাম, এ বছরটি খুব ভালো বছর হতে চলেছে। এসো, এসো হে বৈশাখ।



## টীকা

বাংলা ক্যালেন্ডারটি ৬টি ঋতুতে ভাগ করা, যার প্রথম মাস গ্রীষ্ম, ১৪ই এপ্রিল শুরু হয়। এই দিনটি পহেলা বৈশাখ বা বাংলা নববর্ষ নামে পরিচিত। এই দিনে ঢাকায় এবং অন্যান্য শহরে দারুণ শোভাযাত্রার আয়োজন করে চারুকলার শিক্ষার্থীরা। এই দিনটিকে ইউনেস্কো পৃথিবীর সকলের সামনে বাংলাদেশের মানবতার ঐতিহ্য হিসেবে তুলে ধরেছে। এটি ফসল, বন্ধুত্ব, পরিবার আর ভালোবাসাকে উদযাপনের দিন।



*মঙ্গল শোভাযাত্রা* , নতুন বছরের সকালে অনুষ্ঠিত মুখ ও মুখোশ নিয়ে পায়ে হেঁটে বাংলা নববর্ষকে স্বাগত জানাবার অনুষ্ঠান।

Brought to you by

The Asia Foundation

Let’s Read is an initiative of The Asia Foundation’s Books for Asia program that fosters young readers in Asia and the Pacific.
booksforasia.org
To read more books like this and get further information about this book, visit letsreadasia.org

**Original Story**

*পহেলা বৈশাখ (Pohela Boishakh)*, Author: HerStory Foundation. Illustrator: Humayra Kabir. Published by The Asia Foundation - Let’s Read, © The Asia Foundation - Let’s Read. Released under CC BY-NC 4.0.

This work is a modified version of the original story. © The Asia Foundation, 2021. Some rights reserved. Released under CC BY-NC 4.0.

For full terms of use and attribution,
http://creativecommons.org/licenses/by-nc/4.0/